

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৭.১৮-৩৭৪

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪২৬
২৩ জুলাই ২০১৯

বিষয়ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক ১৩/০৬/২০১৯ তারিখে জারীকৃত স্মারক নং- ৫৭.০৩.০০০০.০২৮.১৮.৯০১১.১৮.৫১৬ ও ৫৭.০৩.০০০০.০২৮.১৮.৯০১১.১৮.৫১৭ এর কার্যকারিতা স্থগিতকরণের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: সভাপতি, আলহাজ্জ সেলিমা মাধ্যমিক ও কারিগরি মহাবিদ্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা এর ২৬/৬/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন আলহাজ্জ সেলিমা মাধ্যমিক ও কারিগরি মহাবিদ্যালয়ের ০৮ (আট) জন শিক্ষক-কর্মচারী আগষ্ট/২০১৮ মাস হতে অদ্যাবধি (আবেদনকারী কর্তৃক আবেদন দাখিলের তারিখ) বেতন-ভাতাদি (এমপিও) না পাওয়ায় তাদের বেতন-ভাতা (এমপিও) চালুকরণের বিষয়ে কোন নির্দেশনা না পাওয়ায় উক্ত বেতন-ভাতা (এমপিও) পাওয়ার নির্দেশনা দাবী করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ১৯৩৪/২০১৯ মামলা দায়ের করা হয়।


২। উক্ত রিট মামলায় মহামান্য আদালত কর্তৃক ০৩/০৩/২০১৯ তারিখে প্রদত্ত নির্দেশনার প্রেক্ষিতে পিটিশনার দ্বারা দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তি করে ডিটিই কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতার বিলে প্রতিস্বাক্ষরের ক্ষমতা প্রতিষ্ঠানের সভাপতির পরিবর্তে জেলা প্রশাসক, গাইবান্ধা-কে প্রদান করে ১৩/০৬/২০১৯ তারিখে ৫১৬ নং স্মারকে এবং বর্তমান ম্যানেজিং কমিটি বাতিল করে একটি এডহক কমিটি গঠন করে পুনরায় নির্বাচনের মাধ্যমে নিয়মিত কমিটি গঠন করার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দিয়ে ১৩/০৬/২০১৯ তারিখে ৫১৭ নং স্মারকে চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরারব পত্র জারি করা হয়।

৩। অপরদিকে উক্ত প্রতিষ্ঠানের (আলহাজ্জ সেলিমা মাধ্যমিক ও কারিগরি মহাবিদ্যালয়ের) পরবর্তী ২ বছর পর্যন্ত ব্যবস্থাপনা কমিটির অনুমোদন দিয়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ১০/১০/২০১৮ তারিখে ২৭৯১ সংখ্যক স্মারকে পত্র জারি করা হয়। উক্ত ব্যবস্থাপনা কমিটির মেয়াদকাল পর্যন্ত ডিটিই কর্তৃক জারীকৃত ১৩/০৬/২০১৯ তারিখে ৫১৬ এবং ১৩/০৬/২০১৯ তারিখে ৫১৭ নং স্মারক দুটির কার্যক্রম স্থগিত রাখার ব্যবস্থা গ্রহণ করার জন্য উক্ত প্রতিষ্ঠানের পরিচালনা পরিষদের সভাপতি কর্তৃক সচিব, টিএমইডি বরারব আবেদন দাখিল করা হয়েছে।

৪। সে প্রেক্ষিতে বর্ণিত প্রতিষ্ঠানের পরিচালনা পরিষদের সভাপতির আবেদনের উপর ব্যবস্থা গ্রহণের পূর্বে নিম্নোক্ত বিষয়ে ডিটিই-এর স্পষ্ট মতামত প্রয়োজন-

- উক্ত প্রতিষ্ঠানের (আলহাজ্জ সেলিমা মাধ্যমিক ও কারিগরি মহাবিদ্যালয়ের) ০৮ (আট) জন শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতা (এমপিও) কি কারণে বন্ধ করা হয়েছিল? এবং বন্ধ করার পূর্বে উক্ত ব্যক্তিগণকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেয়া হয়েছিল কিনা?
- বর্ণিত সংখ্যক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা (এমপিও) বন্ধ করার এখতিয়ার ডিটিই-এর আছে কিনা? এখতিয়ার না থাকলে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করা হয়েছিল কিনা?
- পিটিশনার কর্তৃক ০৮/০১/২০১৯ তারিখে দাখিলকৃত আবেদনে (যা ডিজি, ডিটিই বরাবর দাখিলকৃত) প্রতিকারের বিষয়বস্তু কি?
- উক্ত আবেদনটির উপর শুনানী গ্রহণ করা হয়ে থাকলে উহার ফলাফল কী?
- বর্ণিত প্রতিষ্ঠানে গভর্নিং বডি/পরিচালনা পর্ষদ এর মেয়াদ থাকা সত্ত্বেও কি কারণে জেলা প্রশাসক, গাইবান্ধা-এর প্রতিস্বাক্ষরে প্রতিষ্ঠানের বেতন বিল উত্তোলনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে?
- বর্ণিত প্রতিষ্ঠানে গভর্নিং বডি/পরিচালনা পর্ষদ বাতিলের জন্য বিটিইবি-কে নির্দেশনা প্রদান করার কারণ কি?

৫। এমতাবস্থায়, উপরিউক্ত মতে তথ্য (প্রমাণকসহ) আগামি ৩০/৭/২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।


মো: আ: খালেদ মিঞা
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।